দৈনিক
ইত্তেফাক

তারিখ 12 JUL 2009
পৃষ্ঠা ২৮ কলাম ৬

# কম্পিউটার ও কারিগরি শিক্ষাকে পর্যায়ক্রমে বাধ্যতামূলক করা হবে

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে তথ্য-প্রযুক্তিতে দক্ষ জনশক্তি গড়ে তোলা হবে। এ জন্য কম্পিউটার ও কারিগরি শিক্ষাকে পর্যায়ক্রমে বাধ্যতামূলক করা হবে।

তিনি গতকাল জাতীয় সংসদে ২০০৯-২০১০ অর্থবছরের বাজেট বক্তৃতায় এ কথা বলেন।

অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় আইটি খাত সম্পর্কিত বিভিন্ন জরুরি কর্মসূচি পর্যায়নে ১শ' (২৭শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## কম্পিউটার ও কারিগরি শিক্ষাকে

(২৮শ পৃঃ পর)

কোটি টাকা এবং একই সঙ্গে আইটি খাতে উদ্যোক্তা সৃষ্টির জন্য বিদ্যমান সমমূলধন তহবিলের পরিমাণ ১শ' কোটি থেকে ২শ' কোটি টাকায় উন্নীত করার প্রস্তাব করেন। তিনি বলেন, ২০১৩ সালের মধ্যে মাধ্যমিক স্তরে এবং ২০২১ সালের মধ্যে প্রাথমিক স্তরে কম্পিউটার ও কারিগরি শিক্ষাকে সরকার বাধ্যতামূলক করতে চায়।